দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

06 JUL 1989
তারিখ ... ... ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 6 ...

5

**ঢাকা ভার্সিটি পরিস্থিতি**

# অস্ত্রধারীদের ধরতে পুলিশ ডাকুনঃ সিন্ডিকেট

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থানরত অস্ত্রধারী বহিষ্কৃত ও বহিরাগতদের অবিলম্বে গেফতারের জন্যে আইন শৃংখলা রক্ষাকারী সংস্থার সাহায্য নিতে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নানকে অনুরোধ জানিয়েছে।

বুধবার অনুষ্ঠিত সিন্ডিকেটের এক বৈঠকে ভাইস চ্যান্সেলরকে এই অনুরোধ জানানো হয়। প্রফেসর মান্নান সিন্ডিকেটের এই বৈঠকে সভাপতিত্ব করেন। তিনি সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত ঘটনাবলী সিন্ডিকেটকে অবহিত করেন। সিন্ডিকেটের এই সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ পার্শ্ববর্তী এলাকায় বহিরাগত ও বহিষ্কৃত অস্ত্রধারীদের দৌরাত্ম্যে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়।

সভায় প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সঙ্গে আলোচনা করে আবাসিক হলে অথবা অন্যত্র অস্ত্রধারী বা বহিরাগতদের চিহ্নিত করার জন্যেও ভাইস চ্যান্সেলরকে অনুরোধ করা হয়েছে।

**পরীক্ষা স্থগিত**

আজ বৃহস্পতিবার থেকে ১১ই

(৩-এর পৃঃ দ্রঃ)

## সিন্ডিকেট

(১ম পৃঃ পর)

জুলাই পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রে অনুষ্ঠিতব্য কোর্স পদ্ধতির যাবতীয় পরীক্ষা অনিবার্য কারণবশতঃ স্থগিত ঘোষণা করা হয়েছে। এ সকল স্থগিত পরীক্ষার তারিখ যথাসময়ে ঘোষণা করা হবে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।

**ছাত্রদলের বক্তব্যের প্রতিবাদ**

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কিছু কর্মী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নানের সঙ্গে দেখা করতে গেলে তিনি দেখা করেননি বরং ছাত্রদলের অভিযোগকে সম্পূর্ণ মিথ্যা ও উদ্দেশ্যপ্রণোদিত বলে আখ্যায়িত করা হয়েছে।

গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানঃ ছাত্রদলের এই ধরনের বক্তব্য উত্তেজনা সৃষ্টিকারক। বিবদমান ছাত্র সংগঠনগুলোর উত্তেজনা প্রশমনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রয়াসকে এই ধরনের বক্তব্য ব্যর্থ করবে। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়ঃ এই ধরনের বক্তব্য দুঃখজনক।